

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬
২৩ মার্চ ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে পর্ষদের
সভা ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠান প্রসঙ্গে।**

ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠানের বিষয়ে বিআরপিডি সার্কুলার নং ১১ তারিখ ২৭ অক্টোবর ২০১৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং ১১ তারিখ ০৪ অক্টোবর ২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লেখিত সার্কুলার এবং সার্কুলার লেটার এর মাধ্যমে পর্ষদ এবং পর্ষদের সহায়ক কমিটিসমূহের সভা অনুষ্ঠানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং বিশেষত এর কমিউনিটি ট্রান্সমিশন প্রতিরোধ করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংক-কোম্পানীসমূহকে ইতিমধ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। জনসমাগমের কারণে করোনা ভাইরাসের সংক্রমণ ঝুঁকি বৃদ্ধির সম্ভাবনা বিবেচনায় ব্যাংকের পর্ষদ এবং পর্ষদের সহায়ক কমিটির সভায় ব্যাংকের পরিচালকগণের সশরীরে উপস্থিতি ঝুঁকিপূর্ণ। এ প্রেক্ষাপটে অত্র বিভাগ হতে জারিকৃত অন্যান্য নির্দেশনার ধারাবাহিকতায় এখন থেকে করোনা ভাইরাসের সংক্রমণ পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সকল সভা ভিডিও কনফারেন্স এর মাধ্যমে তথা ভার্চুয়াল সভা অনুষ্ঠানের পরামর্শ দেয়া যাচ্ছে। এক্ষেত্রে ভিডিও কনফারেন্সে অংশগ্রহণকারী প্রত্যেক পরিচালক যথানিয়মে তাঁর সম্মানী প্রাপ্য হবেন।

তবে শর্ত থাকবে যে, ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত সভাসমূহের ভিডিও ফুটেজ সংরক্ষণ করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মকবুল হোসেন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০২৬৮